



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৬১

দেশে সম্প্রীতির বন্ধন অটুট থাকবে
- খাদ্যমন্ত্রী

রাজশাহী; ১৯ আশ্বিন (০৪ অক্টোবর):

পূজায় হিন্দুরা পূজা অর্চনা করলেও আনন্দ উৎসবে সব ধর্মের মানুষ অংশগ্রহণ করে উল্লেখ করে খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে সম্প্রীতির বাংলাদেশ সামনে এগিয়ে যাবে।

আজ (০৪ অক্টোবর) মঙ্গলবার দুপুরে নওগাঁর নিয়ামতপুর উপজেলার বিভিন্ন পূজামন্ডপ পরিদর্শনের অংশ হিসেবে শিবপুর মজুমদার বাড়ি বারোয়ারি পূজামন্ডপ পরিদর্শন শেষে সাংবাদিকদের উদ্দেশ্যে তিনি এ কথা বলেন।

খাদ্যমন্ত্রী স্থানীয় পূজা উদযাপনের ঐতিহ্য উল্লেখ করে বলেন, এই অঞ্চলে হিন্দু-মুসলমানসহ সব ধর্মের মানুষ একে অপরের উৎসবে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে আসছে। সম্প্রীতির দিকটি এখানে শক্তিশালী। শিবপুরে পাশাপাশি স্থানে আমি প্রথমে মসজিদ ও পরে মন্দির নির্মাণ করেছি। যাতে মুসলিম ও হিন্দু ধর্মাবলম্বীরা তাদের নিজ নিজ ধর্মাচার পালন করতে পারে। এ দেশে ধর্মীয় সম্প্রীতির অভাব নেই। ভবিষ্যতে এ সম্প্রীতির বন্ধন অটুট থাকবে।

তিনি বলেন, দেশের মানুষ শান্তিপূর্ণভাবে পূজা উদযাপন করছে উল্লেখ করে খাদ্যমন্ত্রী বলেন, করোনাকালে বিগত তিন বছর জাঁকজমকভাবে পূজা উদযাপন সম্ভব হয়নি। তবে এ বছর দর্শনার্থী বেড়েছে দূর-দূরান্ত থেকে তারা পূজা দেখতে আসছে। তাদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা দেখা যাচ্ছে।

তিনি আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দর্শন হল ধর্ম যার যার, রাষ্ট্র সবার। আমরা বঙ্গবন্ধুর স্বপ্নের অসাম্প্রদায়িক বাংলাদেশ চাই। এ দেশে ৯৯ শতাংশ মানুষ অসাম্প্রদায়িক। মাত্র ১ শতাংশ মানুষ সাম্প্রদায়িক, যারা মাঝে মাঝে ঝামেলা করে। এ কারণে অসাম্প্রদায়িক সম্প্রীতির রাজনীতির জায়গায় সাম্প্রদায়িক রাজনীতি চলে আসবে এটা আমি মনে করি না।

এ সময় শিবপুর মজুমদার বাড়ি বারোয়ারি দুর্গাপূজা উদযাপন কমিটির সভাপতি মনোরঞ্জন মজুমদার উপস্থিত ছিলেন।

.....
তাজকিয়া/আতিক/রোকন/২০২২/১৫.৩০ঘ.